

## প্রথম পর্যায়ের চূড়ান্ত আবেদনকারী নির্বাচন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক(সম্মান)/স্নাতক ভর্তি পরীক্ষা ২০১৯-২০ এর জন্য প্রাথমিক আবেদনকারীর মধ্য হতে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইউনিটের জন্য কোটাসহ সর্বোচ্চ ৩২০০০ চূড়ান্ত আবেদনকারী নির্বাচন করা হয়। প্রথম পর্যায়ে প্রতিটি ইউনিটের বিভিন্ন শাখায় (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা) চূড়ান্ত আবেদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক আবেদনকারী নির্বাচনে ব্যবহৃত সর্বনিম্ন জিপিএ (এইচএসসি/সম্মান) নিম্নে প্রদত্ত। একই জিপিএ প্রাপ্ত একাধিক প্রার্থীর ক্ষেত্রে এইচএসসি/সম্মান পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিবেচনা করা হয়েছে। উল্লেখ্য যে, B ইউনিটের সকল প্রাথমিক আবেদনকারী চূড়ান্ত আবেদনের জন্য নির্বাচিত।

### প্রথম পর্যায়ের চূড়ান্ত আবেদনকারীর ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ

Unit	Science	Humanities	Business Studies
A	4.17	4.17	4.17
B	--	--	--
C	4.5	4.17	4.25

বি: দ্র: তিনটি পর্যায়ে চূড়ান্ত আবেদন গ্রহণ করা হবে। যে কোন পর্যায়ের জন্য নির্বাচিত প্রার্থীকে অবশ্যই সেই পর্যায়ের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন সম্পন্ন করতে হবে। পরবর্তীতে আবেদনের আর কোন সুযোগ থাকবে না।

প্রথম পর্যায়ের চূড়ান্ত আবেদনের সময় শেষ হবার পর সংশ্লিষ্ট ইউনিটে ৩২০০০ চূড়ান্ত আবেদনকারী আবেদন সম্পন্ন না করলে দ্বিতীয় পর্যায়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক চূড়ান্ত আবেদনকারী নির্বাচন করা হবে।

কোন প্রার্থী [application.ru.ac.bd](http://application.ru.ac.bd) ওয়েবসাইটের মাধ্যমে এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষাসমূহের তথ্য প্রদান করে তার বর্তমান অবস্থা জানতে পারবে।

### বিভিন্ন পর্যায়ে চূড়ান্ত আবেদনের সময়সূচী

প্রথম পর্যায়ঃ ১৭/০৯/২০১৯ তারিখ দুপুর ১২:০০টা হতে ২৩/০৯/২০১৯ তারিখ সন্ধ্যা ৫:০০টা

দ্বিতীয় পর্যায়ঃ ২৪/০৯/২০১৯ তারিখ দুপুর ১২:০০টা হতে ২৭/০৯/২০১৯ তারিখ সন্ধ্যা ৫:০০টা

তৃতীয় পর্যায়ঃ ২৮/০৯/২০১৯ তারিখ দুপুর ১২:০০টা হতে ৩০/০৯/২০১৯ তারিখ সন্ধ্যা ৫:০০টা

প্রফেসর মো. খাদেমুল ইসলাম মোল্যা  
পরিচালক, আইসিটি সেন্টার  
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।